

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০০৫.২১- ১২৩৭,

তারিখঃ ১১ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর, ২০২১খ্রিঃ

## “সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি”

নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন গাড়াগ্রাম ইউনিয়নের পরিষদের ০৪ ও ০৮ নং ওয়ার্ডের ০২ জন মহল্লাদার(গ্রাম পুলিশ) এর পদ শূন্য হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ৩(১) এর (ক) এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) এর (ক) বিধি অনুযায়ী উক্ত ইউনিয়নের মহল্লাদার(গ্রাম পুলিশ) এর শূন্যপদ পূরণ এবং প্যানেল তৈরীর লক্ষ্যে ০৪ ও ০৮নং ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা হলো।

ক্রমিক নং	পদের নাম	ইউনিয়নের নাম	পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	মাসিক বেতন ও প্রচলিত ভাতাদি (উৎসব)	বয়স	শিক্ষাগত যোগ্য
০১	মহল্লাদার	গাড়াগ্রাম	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০৪ ও ০৮	সরকারী অংশ =৩২৫০/- এবং ইউপি অংশ =৩২৫০/-	১৮-৩০ বছর	ন্যূনতম ৮ম শ্রেণি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

### আবেদনের শর্তাবলীঃ

- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী বরাবরে আগামী ১৭ নভেম্বর/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে।
- আবেদনকারীকে অবশ্যই গাড়াগ্রাম ইউনিয়নের স্ব-স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ইঞ্চি, বকের মাপ কমপক্ষে ৩২ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৫০ কেজি হতে হবে।
- মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা কমপক্ষে ৫ ফুট, বকের মাপ কমপক্ষে ২৮ ইঞ্চি এবং ওজন কমপক্ষে ৪৫ কেজি হতে হবে।
- প্রার্থীকে শারীরিক ও মানসিক ভাবে ত্রুটিমুক্ত এবং সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।
- আবেদনকারীকে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) পদের নাম (ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বরসহ) (ছ) জন্ম তারিখ (জ) ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) ভোটার আইডি নম্বর (ঢ) শিক্ষাগত যোগ্যতার বিবরণঃ

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম	প্রাপ্ত বিভাগ/জিপিএ	পাশের সাল	মন্তব্য
--------------	-------------------------	-------------	---------------------	-----------	---------

- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।  
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং ১ম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র। সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীলমোহর থাকতে হবে।  
(গ) প্রার্থীকে কিশোরগঞ্জ শাখার যে কোন রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক হকে ৫০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ আগস্ট ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারক অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫ মার্চ ২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে ২৬/১০/২০২১ তারিখে বয়স ১৮ বছর পূর্ণ হলে আবেদন করতে পারবেন। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা প্রার্থীকে এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/ কন্যা হিসেবে প্রার্থীকে আবেদনের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মূল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- নির্বাচনী পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অং গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজনে সরকারি নির্দেশনার আলোকে কোন শর্ত সংশোধন ও পরিবর্তন, পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা নিয়োগ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সকল শর্তাবলী পালন করা হবে।


(মোঃ নবীরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
কিশোরগঞ্জ, নীলফামারী।

তারিখ :- ১১ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর, ২০১৯খ্রিঃ

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০০৫.২১- ১২৩৭,

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৩। অফিসার ইন চার্জ, কিশোরগঞ্জ থানা, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ, নীলফামারী। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। চেয়ারম্যান, গাড়াগ্রাম ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৬। সচিব, গাড়াগ্রাম ইউনিয়ন পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ওয়ার্ড ও ইউনিয়নে ব্যাপক প্রচার, ইউনিয়ন পরিষদের ওয়েবপোর্টালে প্রকাশসহ ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শন করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড।

  
উপজেলা নির্বাহী অফিসার  
কিশোরগঞ্জ, নীলফামারী।